

সাত কলেজের অনার্স ৩য় বর্ষের পরীক্ষা স্থগিত

অনলাইন ডেস্ক

২৭ আগস্ট ২০২৩ ১০:৩৪ পিএম | আপডেট: ২৭ আগস্ট ২০২৩ ১০:৩৪ পিএম

3
Shares



ফাইল ছবি

advertisement..

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সরকারি সাত কলেজের ২০২২ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ঘোষিত সময়সূচি স্থগিত করা হয়েছে।

আজ রোববার বিষয়টি নিশ্চিত করে ঢাবি অধিভুক্ত সরকারি সাত কলেজের সমন্বয়ক এবং ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক সুপ্রিয়া ভট্টাচার্য বলেন, সাত কলেজের ২০২২ সালের স্নাতক তৃতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষা আগামী ৭ সেপ্টেম্বর থেকে শুরু হওয়ার কথা ছিল। দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ঢাকার সাতটি কেন্দ্রে একযোগে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে জানিয়ে রুটিন প্রকাশ করা হয়েছিল। তবে শিক্ষার্থীদের এক দফা দাবির চলমান আন্দোলনের কারণে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার জন্য পরীক্ষার প্রকাশিত রুটিন স্থগিত করা হয়েছে।

advertisement

অপরদিকে আজ সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকেও পরীক্ষা স্থগিত করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

আরও পড়ুন: আন্দোলন স্থগিত করলেন ৭ কলেজের শিক্ষার্থীরা

পরীক্ষা নিয়ন্ত্রক মো. বাহালুল হক চৌধুরীর সই করা ওই বিজ্ঞপ্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজের অনার্স ৩য় বর্ষ ২০২২ সালের পরীক্ষার সময়সূচি স্থগিতের বিষয়টি জানানো হয়।

একই সঙ্গে পরীক্ষার সময়সূচি এবং ফরম পূরণের পরিবর্তন হওয়া তারিখ পরবর্তীতে জানানো হবে বলেও এতে উল্লেখ করা হয়েছে।

3
Shares